বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

কৃষি ঋণ ও স্পেশাল প্রোগ্রাম্‌স বিভাগ

এসিএসপিডি-সার্কুলার নং-০৪

০৭/০৮/২০০৭
তারিখ--------------
২৩/০৪/৪১৪

ব্যবস্থাপনা পরিচালক
সোনালী ব্যাংক/জনতা ব্যাংক/অগ্রণী ব্যাংক/রূপালী ব্যাংক লিঃ
বাংলাদেশ কৃষি ব্যাংক/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা/রাজশাহী ।

বন্যা-উত্তর কৃষি পুনর্বাসনের নিমিত্তে কৃষিঋণ পুনঃতফসিলীকরণসহ কৃষকদের অনুকূলে নতুন ঋণ বিতরণ প্রসংগে ।

প্রিয় মহোদয়,

বন্যায় ক্ষতিগ্রস্থ কৃষকদের কৃষিঋণ সুবিধা প্রদানের ক্ষেত্রে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, ক্ষতিগ্রস্থ কৃষক ঋণখেলাপী হলে ঋণ পুনঃতফসিলীকরণের মাধ্যমে ঋণসুবিধা প্রদান করা যাবে । অনুরূপ ঋণ পুনঃতফসিলীকরণের ক্ষেত্রে প্রয়োজনে ডাউন পেমেন্টের শর্ত শিথিল করা যেতে পারে ।

নতুন ঋণসুবিধার আওতায় কৃষকগণ যাতে দ্রুততম সময়ে ঋণসুবিধা পেতে পারেন ও কোনরূপ হয়রানির শিকার না হন সে লক্ষ্যে রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ও কৃষি ব্যাংকসমূহ বিভিন্ন পর্যায়ে "অভিযোগ ও ঋণ তদারকি সেল" গঠন করবে এবং বিষয়টি নিয়মিত মনিটর করবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(দাশগুপ্ত অসীম কুমার)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৭১২০৯৪৭